দৈনিক ইত্তেফাক

তারিখ 30 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ৫

20

# চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হোষ্টেলের কক্ষে অগ্নিসংযোগ

চট্টগ্রাম অফিস ॥ গতকাল (বৃহস্পতিবার) দুপুরে একদল উচ্ছৃংখল ছাত্র চট্টগ্রাম মেডিকেল কলেজের মেইন হোষ্টেলের ৬টি কক্ষ তছনছ ও অগ্নি সংযোগ করে।

জানা যায়, সকাল ১১টা নাগাদ একদল ছাত্র মেডিকেল কলেজ হোস্টেলে প্রবেশ করে এবং জিনিসপত্র লুণ্ঠন করিতে

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম মেডিকেল কলেজ

(১ম পৃঃ পর)

থাকে। কিছুক্ষণ পর তাহারা পুনরায় ৬টি কক্ষে আগুন ধরাইয়া দেয়। ফলে কক্ষগুলির ব্যাপক ক্ষতিসাধিত হয়। ঘটনার সংবাদ পাইয়া দমকল বাহিনী অকুস্থলে ছুটিয়া যায় এবং প্রায় দুই ঘন্টা পর আগুন আয়ত্তে আনে।

এদিকে বাংলাদেশ ছাত্রলীগ ও ইসলামী ছাত্র শিবির এ ঘটনার জন্য পরস্পরকে দোষারোপ করিয়াছে। উভয় পক্ষ এ ঘটনার নিন্দা জানাইয়াছে।

মেডিকেল কলেজ হোষ্টেলটি ইতিপূর্বে সংঘটিত এক ছাত্র সংঘর্ষের কারণে গত ১৩ই সেপ্টেম্বর হইতে বন্ধ রহিয়াছে।